বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-২ অধিশাখা
www.minland.gov.bd

মুজিব MUJIB 100

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৬.০৬.০৩৬.২১-২৩

তারিখ: ০২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ সুনির্দিষ্ট কারণ উল্লেখ ব্যতিত ই-নামজারি আবেদন এর ব্যাপারে নামঞ্জুর আদেশ প্রদান প্রসঙ্গে।**

ভূমি মন্ত্রণালয়ের ১৭ জুলাই ২০২২ তারিখের ০৫ নম্বর পরিপত্রে উল্লেখ আছে যে, ডিজিটাল ভূমিসেবা সিস্টেমে বা ভূমি অফিসে সংরক্ষিত নেই এমন কোন তথ্যের ঘাটতি থাকলেই আবেদন নামঞ্জুর করা যাবে না। নামজারি মামলায় ১ম আদেশে কোন দলিলের ঘাটতি থাকলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করে ০৭ কার্যদিবস বা যুক্তিসঙ্গত সময় দিয়ে আবেদকারীকে দাখিলের জন্য অনুরোধ জানাতে হবে। উক্ত সময়ের মধ্যে তথ্যাদি দাখিল করতে ব্যর্থ হলে ২য় আদেশে নামঞ্জুর করা যাবে।

০২। কিন্তু ভূমি মন্ত্রণালয়ের ই-মিউটেশন মনিটরিং ড্যাশবোর্ডে বিভিন্ন উপজেলাসমূহের নামঞ্জুর আদেশ পর্যালোচনা করে দেখা যায়, অধিকাংশ ক্ষেত্রে উক্ত পরিপত্রের নির্দেশনামতে কোন তথ্য/দলিলের ঘাটতি থাকলে তা দাখিলের জন্য ০৭ কার্যদিবস বা যুক্তিসঙ্গত সময় দিয়ে আবেদকারীকে অনুরোধ করা হয়নি। এছাড়া কি কারণে আবেদন নামঞ্জুর হয়েছে বেশিরভাগ ক্ষেত্রে আদেশে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি। সেক্ষেত্রে কি কারণে আবেদন নামঞ্জুর হয়েছে আবেদনকারী তা জানতে পারছে না। এটি ভূমি অফিসের স্বচ্ছতা ও জবাবদিহির অন্তরায়।

০৩। এছাড়া ড্যাশবোর্ড পর্যালোচনা করে আরও দেখা যায় যে, অধিকাংশ ক্ষেত্রে নিম্নোক্ত আদেশ প্রদান করে নামজারি কেস নামঞ্জুর করা হয়েছে:

| **সহকারী কমিশনার(ভূমি) কর্তৃক প্রদত্ত আদেশে নামঞ্জুরের কারণ** | **ভূমি মন্ত্রণালয়ের মতামত** |
|---|---|
| মালিকানার স্বপক্ষে দালিলিক প্রমাণ উপস্থাপনে ব্যর্থ | এই কারণে অধিকাংশ কেস নামঞ্জুর করা হয়েছে যা যুক্তিসংগত নয়। এক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে। |
| প্রয়োজনীয় তথ্য না থাকায় নামঞ্জুর | ভূমি মন্ত্রণালয়ের ১৭ জুলাই ২০২২ তারিখের ০৫ নম্বর পরিপত্রের নির্দেশনা এক্ষেত্রে ব্যত্যয় হয়েছে। |
| প্রয়োজনীয় দলিল/কাগজপত্র না থাকায় | ভূমি মন্ত্রণালয়ের ১৭ জুলাই ২০২২ তারিখের ০৫ নম্বর পরিপত্রের নির্দেশনা এক্ষেত্রে ব্যত্যয় হয়েছে। |
| জমা ভাগের আবেদন নামঞ্জুর সিদ্ধান্তের মাধ্যমে নিষ্পত্তি করা হলো | সুনির্দিষ্ট কারণ উল্লেখ নেই যা যুক্তিসংগত নয়। |
| আবেদনকারীর আবেদন সঠিক না হওয়ায় ইউএলএও এর প্রতিবেদনমতে আবেদনটি নামঞ্জুর করা হলো। | সুনির্দিষ্ট কারণ উল্লেখ নেই যা যুক্তিসংগত নয়। |
| • ওয়ারিশান সনদ না থাকায়<br>• খতিয়ানের মূলকপি/ফটোকপি/সহি মোহর কপি না দেয়া<br>• স্ক্যান কপি অস্পষ্ট<br>• জমির দাখিলা/হাল দাখিলা প্রদান করতে ব্যর্থ হওয়ায়<br>• মূল দলিল উপস্থাপন না করায়<br>• ভূমি উন্নয়ন কর পরিশোধ না করায়<br>• ডিসিআর ফি পরিশোধ না করায়<br>• বণ্টননামা দলিল সংযুক্ত না করায় | ভূমি মন্ত্রণালয়ের ১৭ জুলাই ২০২২ তারিখের ০৫ নম্বর পরিপত্রের নির্দেশনা ব্যত্যয় হয়েছে। এক্ষেত্রে আবেদনকারীকে যুক্তিসঙ্গত সময় দিয়ে তথ্যাদি উপস্থাপনের জন্য সুযোগ দিতে হবে। |

| | |
|---|---|
| আবেদনপত্রে মৌজার নাম ভুল থাকায় | আবেদনকারীকে মৌজা সংশোধনের সুযোগ প্রদান করা যুক্তিযুক্ত ছিল। |
| প্রাপ্ত জমি থেকে বেশী জমির আবেদন করায় | আবেদন নামঞ্জুর না করে প্রাপ্যতামতে চূড়ান্ত আদেশে নামজারি মঞ্জুর করা যুক্তিযুক্ত ছিল। |

০৪। এমতাবস্থায়, উল্লিখিত পরিপত্রের নির্দেশনামতে কোন দলিলের ঘাটতি থাকলে ০৭ কার্যদিবস বা যুক্তিসঙ্গত সময় দিয়ে আবেদকারীকে দাখিলের জন্য কেন অনুরোধ করা হয়নি এবং নামঞ্জুরের সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ কেন যথাযথভাবে আদেশ প্রদান করা হয়নি - এক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক সংশ্লিষ্ট সকল উপজেলায় পরিদর্শন করে তার যথাযথ কারণ বের করে আগামী ২০(বিশ) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো এবং এক্ষেত্রে যে সকল সহকারী কমিশনার (ভূমি) উপযুক্ত কারণ ছাড়া আবেদন নামঞ্জুর করেছেন এমন দায়িত্ব অবহেলা পরিলক্ষিত হলে তা পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক .............সকল (তিন পার্বত্য জেলা ব্যতিত)

১৬/০১/২০২৩
(শাকিলা রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-০২- ২২৩৩৮১৫২০
E-mail: fa2@minland.gov.bd

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৬.০৬.০৩৬.২১- ২৩

তারিখ: ০২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার..............................(সকল)।
০৩। অতিরিক্ত সচিব(সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক (যুগ্মসচিব), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
০৫। যুগ্মসচিব (সকল) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সেল প্রধান(যুগ্মসচিব), ডিকেএমপি অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।
০৭। উপসচব (সকল) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিনিয়র সহকারী সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপজেলা নির্বাহী অফিসার..........................(তাঁর জন্য সংশ্লিষ্ট উপজেলা)।
১২। সহকারী কমিশনার (ভূমি),.........................(তিন পার্বত্য জেলা ব্যাতিত সকল)।
১৩। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, কারওয়ান বাজার, ঢাকা।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

১৬/০১/২০২৩
(শাকিলা রহমান)
সিনিয়র সহকারী সচিব
fa2@minland.gov.bd